দৈনিক বাংলা

তারিখ ... 19.4.84 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 1 ...

037

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা

## নগর ও অঞ্চল পরিকল্পনায় মাষ্টার ডিগ্রী (১ম বর্ষ) কোর্সে

## ভর্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের দুই বৎসর মেয়াদী পূর্ণকালীন মাষ্টার ডিগ্রী কোর্স-এর ১ম বর্ষে (শিক্ষা বর্ষ ১৯৮৩-৮৪) ভর্তির জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ গৃহ সংস্থান পদ্ধতি, নগর পরিকল্পনা, পল্লী-উন্নয়ন পরিকল্পনা, গ্রামীন প্রতিষ্ঠান পরিকল্পনা, পৌর এবং স্থানীয় পর্যায়ে পরিকল্পনা ও উন্নয়ন এবং ট্রান্সপোর্টেশন প্লানিং প্রভৃতি ক্ষেত্রে নগর, অঞ্চল ও পল্লী পরিকল্পনায় বিশেষজ্ঞ সৃষ্টির প্রয়াসে শিক্ষার্থীগণকে প্রশিক্ষণ দিয়ে আসছে

উক্ত কোর্স এর প্রশিক্ষণার্থী গ্রাজুয়েটগণকে গবেষণা প্রণালী ও এর মূল্যায়ন, নীতি নির্দ্ধারণী, প্রকল্প/কর্মসূচী নির্দ্ধারণ ও বিশেষজ্ঞকরণ এবং কম্প্যুটার প্রয়োগবিধি প্রভৃতি বিষয়ে পরিকল্পনার, উপায় ও পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষিত করে তোলা হয় এবং সেই সঙ্গে নগর, উন্নয়ন পরিদফতর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পৌর, উপজেলা ও জেলা অফিস, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি মন্ত্রনালয়, স্থানীয় সরকার ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মোপযোগী করে গড়ে তোলা হয়।

দরখাস্তকারীগণকে নগর ও অঞ্চল, ফিজিক্যাল প্লানিং, স্থাপত্য, কৃষি অর্থনীতি, প্রকৌশল প্রভৃতি বিষয়ের যেকোন একটিতে স্নাতক ডিগ্রীধারী অথবা অর্থনীতি, ভূগোল, সমাজ বিদ্যা, সমাজকল্যাণ, সোস্যাল ওয়ার্ক, পরিসংখ্যান, অংক, পদার্থ বিদ্যা বা পাবলিক এডমিনিষ্ট্রেশন বিষয়ের যে কোন একটিতে মাষ্টার ডিগ্রীধারী হতে হবে। প্রার্থীগণকে অনুমোদিত বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত প্রত্যেক পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণীতে পাশ হতে হবে। যে সকল প্রার্থী ইতিমধ্যে উপরোক্ত বিষয়সমূহে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করেছেন তারাও দরখাস্ত করতে পারেন। তবে সাক্ষাৎকারের সময় পর্যন্ত পরীক্ষার ফলাফল প্রকাশিত না হলে তাহাদের বিষয় বিবেচনা করা হবে না।

বিভিন্ন মন্ত্রণালয়, সংস্থা, কর্পোরেশন এবং অন্যান্য প্রতিষ্ঠানে কর্মরত নির্দ্ধারিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তিগণ ডেপুটেশন উপরোক্ত কোর্স এ অংশ গ্রহণ করিতে পারেন। শিক্ষার্থীগণ খন্ডকালীন ছাত্র হিসাবেও ভর্তি হতে পারেন। সেক্ষেত্রে তাদের কোর্স কম নিতে হয় ও ডিগ্রী পেতে বেশী সময় লাগে।

নিম্নোক্ত দলিল পত্রাদিসহ রেজিষ্ট্রার অফিস হতে প্রাপ্তব্য নির্দ্ধারিত ফরম এ ১৬-৯-৮০ তারিখে বা তার পূর্বে রেজিষ্ট্রার অফিসে আবেদনপত্র অবশ্যই পৌছাতে হবে ঃ

(ক) সকল পরীক্ষা পাশের মূল মার্কশীটের সত্যায়িত অনুলিপি

(খ) সকল পরীক্ষা পাশের সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি ও

(গ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি।

অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ বিবরণ সম্বলিত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

ভর্তি কমিটি কর্তৃক সাক্ষাৎকার অনুষ্ঠানের মাধ্যমে ভর্তির জন্য প্রার্থী নির্বাচন করা হবে।

সাক্ষাৎকারযোগ্য প্রার্থীগণের নাম এবং সাক্ষাৎকার গ্রহণের তারিখের ঘোষণা করা হবে।

তারিখ সময় নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ কর্তৃক ১৯-৯-৮৪ শিক্ষার্থীগণের যোগ্যতা ও কৃতিত্ব বিবেচনা করে টাঃ ৭৫০ টাকা থেকে টাঃ ১২৫০/- টাকা পরিমাণের বেশ কিছু সংখ্যক ফেলোশীপ পূর্ণকালীন নিয়মিত শিক্ষার্থীগণকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রদান করে থাকেন।

জি—২৭৯১

রেজিষ্ট্রার